প্রথম ৪০ দিন ঈশ্বরের সাথে

সূচনা

এই সহায়িকাটি হয়ত আপনাকে দেওয়া হচ্ছে খ্রীষ্টতে আপনার বপ্তিস্মের দিনে। যদি তাই হয় তবে এই দিনটি নিঃসন্দেহে আপনার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিন। এই দিনটির জন্যই আপনি জন্মেছিলেন! আপনি সিদ্ধান্ত নিয়েছেন বাপ্তিস্মের মধ্য দিয়ে খ্রীষ্টের সাথে মৃত্যু বরণ করতে, তার কৃপা গ্রহণ করা ও তরি নতুন জীবন পরিধান করা আপনার জীবনের প্রতিটি ক্ষেত্রক প্রভাবিত করবে। ঈশ্বরের বাক্য যেমন কলসীয় ৩ অধ্যায় ৩ পদে বলে ”.......... তোমরা তো মরে গেছ এবং তোমাদের জীবন খ্রীষ্টের সঙ্গে ঈশ্বরের মধ্যে লুকানো আছে।”

আপনি যে স্টাডি শুরু করতে যাচ্ছেন তা এমনভাবে নক্সা করা হয়েছে যা আপনাকে ঈশ্বরের বাক্য থেকে দৃঢ় বিশ্বাস গড়ে তুলতে সাহায্য করবে পরবর্তী ৪০ দিনের প্রতিটি দিন। যারা কিছু দিনের জন্য শিষ্য হয়েছেন তারাও এটা ব্যবহার করতে পারেন মূল বিষয়ে ফিরে যাবার মাধ্যমে ”পূর্ণজীবন ” পাবার জন্য। আপনি যখন ঈশ্বরের বাক্য সম্পর্কে জানতে এই স্টাডি শুরু করতে যাচ্ছেন, আপনাকে বুঝতে হবে এটা আপনার জন্য কতটা গুওত্বপূর্ণ। আপনি যতি এখন একটি দৃঢ় ভিত্তি গড়ে তোলেন, তবে তা আপনাকে সামনের বছরগুলোতে যথেষ্ট সাহায্য করবে।

শাস্ত্রের বাণী আপনার জন্য কত গুরুত্বপূর্ণ, তা আপনাকে প্রতিটি ভাল কাজের জন্য উপযুক্ত করে তোলে (২য় তীমথি ৩:১৭)। যীশু খ্রীষ্ট শাস্ত্রবাণীর প্রতি প্রতিজ্ঞাবদ্ধ ছিলেন, এবং আধ্যাত্মিক যুদ্ধের দুঃসময়গুলোতে তিনি তা ব্যবহার করেছেন (মথি ৪:১-১৩ এবং লূক ৪:১-১৩)। তার নিজের উদাহরণ দিয়ে যীশু আমাদের দেখিয়েছেন যে, আমাদেরও শাস্ত্রের বাণীকে ভালবাসতে হবে এবং প্রতিদিন তা ব্যবহার করতে হবে। যীশু বলেছেন,”মানুষ কেবল রুটিতেই বাঁচেনা, কিন্তু ঈশ্বরের মুখের প্রত্যেকটি কথাতেই বাঁচে।”(মথি ৪:৪) । এ সমস্ত কিছু জেনে আপনার হৃদয়ে ঠিক করুন যে, আপনার প্রাত্যহিক বাইবেল স্টাডিতে অন্য কিছুকেই বাঁধা দেবার সুযোগ দেবেন না। আপনার জীবন এর উপর নির্ভর করছে।

সর্বোত্তম বৃদ্ধির জন্য

১. একটি নোটবই কিনুন, এবং যখন এই পাঠ্যের মধ্য দিয়ে যাবেন তখন যে নোট করবেন তা সংরক্ষণ করে রাখবেন। আপনার উত্তর ও চিন্তাভাবনা লিখে রাখা আপনাকে সাহায্য করবে। এসমস্ত কিছু এখন যত ভাল করে বুঝবেন, অন্যদের সাথে আপনি যা জানেন তা সহভাগিতায় তত ফলদায়ক হবেন।

২. আপনার স্টাডির জন্য একটি নির্দিষ্ট সময় ও স্থান নির্ধারণ করুন। দু'টোই ঠিক করুন, যেন আপনি অমনযোগ ও বিঘ্ন থেকে মুক্ত থাকতে পারেন যতটা সম্ভব। যাদের দৈনিক কাজের তালিকা সাধারণ, তাদের জন্য ভোর সকালই সর্বোত্তম সময়।

৩. পড়ুন এবং নীচে দাগ দিন, মার্ক করুন অথবা যেকোন ভাবে পাঠ্যের পদগুলোকে নির্দেশিত করুন। এটা আপনাকে মনে রাখতে সাহায্য করবে কোথায় কোন পদ রয়েছে। এয়াড়া এটি আপনাকে যীশুর শিষ্য হিসেবে ফলদায়ক হতে একটি পথ দেবে।

৪. একজন পরিপক্ক শিষ্যের সাথে সুসম্পর্ক রাখুন যিনি আপনার উন্নয়ন পর্যবেক্ষণ করতে পারবে যখন আপনি এই পাঠ্যের মধ্য দিয়ে যাবেন। যত রকমে সাহায্য আপনি পেতে পারেন তার সব সুযোগ নিন। নির্দেশনা ও সংশোধন পেতে আগ্রহী হোন। এই সমস্ত আতি প্রয়োজনীয় বিষয়গুলো যা আপনি পাঠ করবেন, তা আপনাকে আপনার বাকি জীবনে শক্তিশালীভাবে সাহায্য করবে। এখানে আপনার সর্বোত্তম প্রচেষ্টা দিতে হবে।

৫. আপনি যখন প্রতিটি পাঠের উপরে কাজ করবেন, তখন উপরের খালি জায়গায় বর্তমান তারিখ লিখে রাখবেন। তা আপনার নিজস্ব পড়ার ধাচের ধারাবাহিকতা রক্ষায় সাহায্য করবে।

৬. নোটগুলো লিখে রাখুন এবং দৃঢ়-বিশ্বাসগুলো লিখে রাখুন। আপনার নিজস্ব লেখাগুলো মূল্যবান উৎস হতে পারে যখন আপনার ঐ ক্ষেত্র গুলোতে উৎসাহ দরকার হবে এবং যখন আপনি তা অন্যদের সাথে সহভাগিতা করবেন।

ঈশ্বর আপনাকে তার বাক্যে চমৎকার সময় দিয়ে আশীর্বাদ করুন, সেই সময়গুলো আপনাকে সর্বদা ব্যক্তিগতভাবে তার কাছে টেনে আনুক, অন্যদেরকে খ্রীষ্টের কাছে আনতে তা আপনাকে সাহায্য করুক।

১ দিন

“সম্পূর্ণরূপে মুক্তি প্রাপ্ত”

যীশু খ্রীষ্টে দীক্ষ্যান লাভ করে আপনি কি অনুভব করছেন?
ঈশ্বর আপনার জীবনে কী করতে চান?

কলসীয় ১:২১-২৩
ক) গতকাল পর্যন্ত ঈশ্বরের সাথে আপনার সম্পর্ক কেমন ছিল? ঈশ্বরকে শত্রু ভেবে কেমন ব্যবহার করেছেন আপনি?
খ) পবিত্র / দোষমুক্ত/ অপরাধ বিহীন বলতে কী বোঝায়?
গ) মুক্তিপ্রাপ্ত থাকার জন্য কি শর্ত রয়েছে? (২৩ পদ উল্লেখযোগ্য)

১ম যোহন ৩:১-৪
ক) ঈশ্বরের সন্তানরূপে আপনার ব্যবহার কিরূপ হওয়া উচিৎ?
খ) আপনি কিভাবে নিজেকে পবিত্র বা শুদ্ধ করবেন?

ইব্রীয় ৯:২৪-২৮; ইব্রীয় ১০:১৯-২১
ক) যীশুর ত্যাগস্বীকার আপনার জন্য কি করেছে?
খ) আপনি কিরূপে অকপট হৃদয়ে ঈশ্বরের কাছাকাছি হতে পারেন?

গীতসংহিতা ১০৩:১-৫
ক) আপনার পাপের ব্যাপারে ঈশ্বর কি করেছেন? ঈশ্বরের নানা কাজের মধ্য দিয়ে আপনি কিভাবে লাভবান হয়েছেন লিখুন। (২য় পদ উল্লেখযোগ্য)

আবেদন: আপনাকে পরিত্রাণ দেওয়ার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে ও প্রশংসা করে একটি প্রার্থনা লিখুন।

২ দিন

“প্রলুব্ধ ও পরীক্ষিত”

মথি ৩:১৬; ৪:১১
ক) যীশু বাপ্তাইজিত হওয়ার পরে কী ঘটেছিল? আপনার বাপ্তাইজিত হওয়ার পরে আপনি কী আশা করেন?
খ) কিভাবে যীশু পরীক্ষীত হলেন ঈশ্বরের সাথে তার সম্পর্ক নিয়ে ও তার জন্য ঈশ্বরের পরিকল্পনা নিয়ে প্রশ্ন করতে?
গ) আপনি বাপ্তিস্ম গ্রহণের পরে শয়তান কিভাবে আপনাকে সন্দেহ, অনিরাপত্তা ও ভয় দিয়ে পরীক্ষা করেছে?
ঘ) কিভাবে যীশু পরীক্ষিত হওয়ার সময় বাইবেল ব্যবহার করেছেন? বাইবেল কিরূপে শয়তানের মিথ্যা ধরিয়ে দেয়?

ইফিসীয় ৬:১০-১৮
ক) কিরূপে প্রবল শক্তিশালী শয়তান আপনার বিরুদ্ধে পরিকল্পনা করে?
খ) কি ধরনের বর্ম ঈশ্বর আপনার জন্য রেখেছেন, আপনাকে শক্তিশালী করার জন্য?
গ) শয়তানকে ঘায়েল করার জন্য আপনার একমাত্র অস্ত্র কী ? (১৭ পদ উল্লেখযোগ্য)

আবেদন: প্রলোভিত হরার জন্য প্রস্তুত হোন এবং আপনার যুদ্ধ সম্পর্কে খোলাখুলি হবার জন্য সিদ্ধান্ত নিন। আপনার প্রলোভন সম্পর্কে অন্য খ্রীষ্টানদের সাথে সহভাগিতা করুন এবং যুদ্ধে জয়ী হওয়ার জন্য মিলিতভাবে প্রার্থনা করুন।

৩ দিন

"মূল বিস্তার"

লূক ৮:১৩
ক) অল্প বিশ্বাসীদের জীবনে কী ঘটে, যাদের মূল বিস্তার ঘটেনি?

প্রেরিত ২:৪১-৪৭; প্রেরিত ২: ৩২-৩৭,
ক) অল্প বিশ্বাসীদের বিশ্বস্ত থাকার জন্য কি সাহায্য করেছিল?
খ) তারা যা করেছিল, আপনিও কি সেইভাবে উৎসর্গিত করেছেন নিজেকে? (২:৪২ উল্লেখ্য)
গ) কিভাবে আপনি মন্ডল তে আপনার সম্পর্কগুলো আরও গভীর করবেন?

১ থিষলনীকীয় ১:২-১০
ক) দৃঢ়-বিশ্বাস থাকা বলতে কি বোঝায়? কিরূপে আপনার দৃঢ়-বিশ্বাস বিস্তার লাভ করে?
খ) কার উচিৎ আপনাকে অনুসরন করা? এবং কিভাবে?
গ) আপনি কি অন্যদেও সামনে একটি 'আদর্শ' হচ্ছেন? কিভাবে?

আবেদন : এ সপ্তাহে আপনি খ্রীষ্টিয়ানদের সাথে সময় ব্যয় করুন যাদের আপনি অনুকরণ করতে পারবেন, উৎসাহ দিতে পারবেন এবং যাদের কাছ থেকে শিখতে পারবেন ।

৪ দিন

"প্রার্থনা করতে শিখুন"

লুক ১১: ১–১৩,
ক) কেন প্রার্থনা শেখার প্রয়োজন হয়? কে আপনাকে প্রার্থনা করতে শেখাবে?
খ) (২-৪ পদ) কি করে ঈশ্বরের প্রশংসা করবেন? আপনি ঈশ্বরের প্রশংসা করবেন? আপনি ঈশ্বরের রাজত্ব কামনা করুন। মন্ডলী বিস্তারের জন্য প্রার্থনা করুন। আপনি প্রার্থনা করুন এই সকল বিষয়ে, দৈনন্দিন জীবনে সকলের জন্য, নিজের পাপ ক্ষমা ও অপরের পাপের ক্ষমার জন্য, নানাবিধ পরীক্ষার থেকে নিস্তার লাভের জন্য ।
গ) যীশু আমাদের জন্য কি করেছেন এবং তিনি কি চান, যা আমাদেও প্রার্থনায় যেন তা প্রকাশ পায়। (৫-১৩ পদ)

A.C.T.S.- প্রার্থনার একটি সাধারণ রূপ রেখা:
A- Adoration /প্রশংসা
C- Confession / পাপ স্বীকার
T- Thanksgiving / ধন্যবাদ জ্ঞাপন
S- Supllication / অনুরোধ

আপনি যদি প্রতি বিভাগে ১০ মি: প্রার্থনা করেন, তবে ৪০ মি: প্রার্থনা করার শক্তি পাবেন। গীত সংহীতা পাঠ করুন, বুঝতে পারবেন বা শিখতে পারবেন প্রার্থনার দ্বারা কিরূপে ঈশ্বরের প্রশংসা করা যায়?

ফিলিপীয় ৪: ৬-৭
ক) প্রার্থনার মধ্যে দিয়ে ঈশ্বর কি চান? আজকের দিনের কিকি সমস্যা নিয়ে প্রার্থনা করবেন? ঐখন আপনি প্রার্থনা করেন, শান্তি অনুভব করেন কি? বিশ্বাস করুন উত্তর পাবেন ।

আবেদন: প্রভুর প্রার্থনা অনুসরণ করুন যেমন উল্লিখিত হয়েছেন এই অনুচ্ছেদে। আপনার কয়েকটি প্রার্থনার বিষয় লিখন এবং প্রার্থনার করুন, এবং উত্তরের জন্য অপেক্ষা করুন ।

৫ দিন

“ঈশ্বরের অনুগ্রহ”

রোমীয় ৫:৬-১১
ক) কি করে আপনি শক্তিহীন, যখন যীশু খ্রীষ্ট আপনার জন্য মৃত্যুবরণ করেছেন ।
খ) আপনার প্রতি ঈশ্বরের অবিশ্বাস্য প্রেম কি প্রমান করে?

তীত ৩:৩-৮; তীত ২:১১-১৪
ক) কেন আমরা আমাদের আমাদের পুরানো জীবনকে স্মরণ করব?
খ) ঈশ্বরের ক্ষমা লাভ করার জন্য কি লাভ করতে হবে?
গ) কিভাবে আপনি ঈশ্বরের অনুগ্রহ স্বীকার করবেন?
ঘ) বুঝিয়ে বলুন কিভাবে আপনি ভাল কাজ করার ব্যক্তিগত ভাবে ব্যাগ্র বা আকুল ।

১ করিন্থীয় ১৫:৯-১০/ ১ তীমথিয় ১:৭-১২
ক) কিভাবে পৌল তার কৃতজ্ঞতা ঈশ্বরকে দেখিয়েছিল?

আবেদন: লিখুন বা করে দেখান, এমন তিনটি জিনিস, যাতে ঈশ্বর বোঝান, যে আপনি অনুগ্রহ লাভ কওেছেন এবং তার জন্য কৃতজ্ঞ ।

৬ দিন

“গ্রহন করা খুব ভাল”

২ রাজাবলী ৭: ৩-১১
ক) বাপ্তিস্ম নেওয়ার আগে আপনি ক্ষুদিত ও আশা বীহিন ছিলেন?
খ) ঈশ্বরের রাজ্যে কি প্রকারের ভোজ প্রস্তুত?
গ) ৯ পদটি একজন শিষ্য হিসাবে কিভাবে ব্যবহার করবেন? আপনার ব্যবহারও কি সেই রূপে হবে ।

রোমীয় ১০:১-৪/১৪-২১
ক) পৌল যা হারিয়েছে, সে বিষয় আপনার ধারনা কি?
খ) কে ঈশ্বর কর্ত্তৃক প্রেরিত?
গ) আমরা সকলেই কি শুভ সংবাদ গ্রহন করছি? কেন?
ঘ) প্রচার খুবই গুরুত্ব পূর্ণ, কেউ গ্রহন করুক বা না করুক ।

গীত সংহিতা ১১৬ :১-৯৪
ক) আপনি কি করে তার ঋন শোধ করবেন, তাঁর যে সমস্ত সদগুণ আপনাকে তিনি দিয়েছেন?

আবেদন: আজকের দিনে ঈশরের সাক্ষী রূপে একটি নিদিষ্ট নিশ্চয়তার অবস্থান করুন, সমস্ত বাধা বিপত্তিকে দূর করে দিন ।

৭ দিন

“ঈশ্বরীয় পরিবার”

মার্ক ৩: ৩১-৩৩
ক) যীশু খ্রীষ্ট কেন একই দৃষ্টি ভঙ্গি পছন্দ কওেছেন? তার দৈহিক ও আধ্যাত্মিক কোনটি?
খ) কে আপনার নিকটতম প্রতিবেশী? আপনার কোনটি পছন্দ? ঈশ্বরের লোক কি সত্যিই আপনার পরিবার ভুক্ত?

১ পিতর ১:২২
ক) প্রকৃত প্রেম কি? কিভাবে অন্তর দিয়ে গভীরভাবে প্রেম করবেন?
খ) পূর্বে কে আপনাকে এমন গভীরভাবে প্রেম করেছে? প্রভুর অনুগামীদেও বিশ্বাসে বৃদ্ধি, পেতে আপনার প্রেম কি রূপে সাহয্য করে?

২ করিন্থীয় ৫ : ১৬-১৭
ক) পূর্বে, লোকদের মধ্যে কিকি জাগতিক বিষয় লক্ষ করেছেন?
খ) কেন আপনি আপনার পথ পরিবর্তন করবেন- যেন লোকে দেখতে পায় আপনি পরিবর্তিত?

১ তিমথীয় ৫:১-১২
ক) আপনার মন্ডলীতে এমন কারা আছে যাদেও আপনার জীবনে আধ্যাত্মিকভাবে পিতা, মাতা, ভ্রাতা ও ভগিনীরূপে আমাকে চান?
খ) এখন থেকে আপনি কি চিন্তা করছেন?

আবেদন : এ সপ্তাহে, একটি নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী খ্রীষ্টয় ভাই বোনদের সঙ্গে সহভাগীতা করুন, আপনার দলের সঙ্গে, যাদের জন্য আপনি আগে সময় কাটাননি ।

৮ দিন

“গৌরবের আশা”

১ম করিন্থীয় ১৫:১৯
ক) এই নশ্বর পৃথিবীতে খ্রীষ্টই একমাত্র আশা কেন?
খ) কেন আমরা খ্রীষ্টানেরা দূঃখ পাই যখন আমাদের স্বর্গীয় জীবন থাকে না?

১ম করিন্থীয় ১৪ :৪২-৫৮
ক) কোন রহস্যের কথা পৌল আমাদের বলেছেন ৫১ পদে?
খ) সাধারণভাবে আমরা মৃত্যুকে ভয় পাই এবং এমন একটা সময় আসে যখন আমরা মৃত্যুকে আর ভয় পাই না কেন?
গ) কি করে আমরা প্রভুর জন্য কাজ করব? যখন আমরা সম্পূর্ণভাবে তাঁর কাছে সমর্পিত হব তখন কি ঘটবে?

কলসীয় ৩: ১-৪
ক) কখন আপনি যীশুর সঙ্গে উঠবেন?
খ) এই মুহূর্তে থেকে এ বিষয়ে কি চিন্তা করছেন?
গ) কোন কোন বিষয়ে আপনার আজ অধিক চিন্তার প্রয়োজন নেই?

আবেদন: সব সময় সেই স্বর্গীয় বৈধভাবের কথা চিন্তা করুন । আপনাকে স্বর্গে যাওয়ার যে সুযোগ তিনি করে দিয়েজেন, সে জন্য ধন্যবাদ দিতে কোন দিন ভুলবেন না ।

৯ দিন

“অনেক বিষয়ে পরীক্ষা বা নানাবিধ পরীক্ষা”

যাকোব ১ : ২-৮
ক) ঈশ্বর কেন আমাদের পরীক্ষার মধ্যে দিয়ে যাওয়া অনুমোদন করেছেন?
খ) আপনি যখন পরীক্ষার মধ্যে দিয়ে যাবেন, তখন আপনার ব্যবহার কেমন কেমন হওয়া প্রয়োজন?
গ) ঠিক এই মুহূর্তে আপনার জীবনে পরীক্ষা কিরূপ?

যাকোব ১ : ১২-১৫
ক) কিভাবে আপনি পরীক্ষার মধ্যে থেকেও স্থির থাকতে পারেন?
খ) কোথা থেকে পরীক্ষা আসে? কোন বিষয় আপনাকে পরীক্ষায় ফেলে? আপনি কি আপনার পরীক্ষার কথা ঈশ্বরকে বলেছেন, কিংবা কোন বিশ্বাসীকে বলেছেন?

১ পিতর ১:৩-৯
ক) কেন পরীক্ষার মধ্যেও প্রশংসা করব?
খ) কিরূপে জানবেন, যে আপনার বিশ্বাস দৃঢ় না দুর্বল?
গ) কয়েকটি বাধা স্বরূপ সমস্যার কথা লিখুন যথা অর্থনৈতিক, পারিবারিক বা অন্য কোন বিষয় যা আপনাকে যন্ত্রনা দেয়? পরবর্তীতে কিরূপে আপনি নিজেকে প্রস্তু ত করবেন এই সকল বাধা অতিক্রম করার জন্য?

আবেদন: কিকি সমস্যার সম্মুখীন হয়েছেন, সে বিষয়ে অন্যান্য বিশ্বাসীদের সঙ্গে স্ববিস্তারে আলোচনা করুন। নানা বিধ পরীক্ষার মধ্যেও আপনার অবস্থা কেমন? আপনি খুশী।

১০ দিন

“যীশুর মত প্রার্থনাশীল”

মার্ক ১: ৩২-৩৯
ক) যীশু কি বিসর্জন দিলেন প্রার্থনার জন্য?
খ) তাঁর বিগত দিনগুলি স্মরণ করুন। প্রার্থনা না কওে দায়িত্ব থেকে অব্যহতি চেয়েছিলেন?
গ) বিগত ১০ দিন আপনার প্রার্থনার সময় কেমন কেটেছে?
ঘ) কখন আপনি প্রার্থনার প্রয়োজন অনুভব করেন? প্রার্থনা না করার জন্য কখনো কি অযুহাত দেখিয়েছেন?

ইব্রিয় ৫: ৭-১০
ক) যীশুর প্রার্থনার জীবন কেমন ছিল?
খ) ক্রশের কাছে পাশাপাশি কোন কোন জিনিস বিসর্জিত হয়, যীশুর বাধ্যতার মধ্যে কি কোন বাধা ছিল?
গ) কোন কোন জিনিস খ্রীষ্টানুগামীদেও পক্ষে বাধা স্বরূপ?
ঘ) আপনি কি জোরের সঙ্গে কেঁদে ও ভীত হয়ে ঈশ্বরের সাহায্য চেয়েছেন, তাঁর বাধ্য হতে?
ঙ) আপনার জীবনের কোন অবস্থার জন্য আরো বেশী করে প্রার্থনা অনুভব করেছেন? একটি একটি করে সেগুলির তালিকা প্রস্তুত করুন।

আবেদন: আপনি যে তালিকা দিয়েছেন, সেই তালিকার প্রত্যেকটি বিষয়ে আজই প্রার্থনা করুন ও সময় দিন। জোরে জোরে প্রার্থনা করুন এবং ঈশ্বরকে দেখতে চেষ্টা করুন।
তাঁকে বলুন যে সমস্ত বিষয়ে প্রার্থনা করেছেন সে বিষয়ে আপনার অনুভূতি কেমন এবং সত্যিই আপনি পরিবর্তন অনুভব করছেন কি - না? এবং সমস্যাগুলি দূর হয়েছে কি না।
প্রথম ১০ দিনের আবেদনগুলির পুনরাবৃত্তি করুন। এই সকল বিষয় যাহা প্রথম ১০ দিনে, উল্লেখিত, সেগুলি অনুশীলন করেছেন?

১১ দিন

“সত্যে স্থির থাকা”

২য় তিমথীয় ২: ৪-১৯,
ক) কিছু লোক ঈশ্বরের বাক্য নিজেরে পান্ডিত্য দেখাবার জন্য বিভিন্নভাবে প্রচার করে ও একে অন্যের সঙ্গে বিবাদ করে। আপনি কি কখনও ঈশ্বরের বাক্য নিয়ে বিবাদ করেছেন? আপনি কি কখনও অন্য বিশ্বাসীর সঙ্গে এ বিষয়ে আলোচনা করেছেন?
খ) কি করে আপনি নিজেকে একজন মনোনীত হিসাবে চিহ্নিত করবেন?
গ) ঈশ্বরের বাক্য নিয়ে আপনি কোন আলোচনা সভায় যোগ দিয়েছেন বা কোন মন্ডলীতে, যে আলোচনা যুক্তিহীন, যা আপনার পক্ষে ক্ষতিকর? আপনি কি করে সেখান থেকে অব্যাহতি পাবেন?

১ তিমথীয় ১: ১৮-২০
ক) আপনি কি করে উত্তমরূপে যুদ্ধ করবেন?
খ) কি করে একজন বিশ্বাসী, বিশ্বাসী হারিয়ে ধ্বংস প্রাপ্ত হয়?
গ) হীমেনাস্ এবং(২ তিমথীয় ২:১৭-১৮) আলেকজান্ডার এর কথা স্মরণ করুন (ইতিহাস) (২ তিমথীয় ৪:১৪-১৫)। যে সকল লোকেরা এসেছিল তাদের মধ্যে থেকে কে তার বিশ্বাস থেকে সরে গিয়েছিল? কি করে তারা বিঘ্ন স্বরূপ হয়?

১ তিমথীয় ৪:১৫-১৬
ক) আপনি কি প্রতিদিন আপনার হৃদয় অনুসন্ধান করেন একজন বিশ্বাসী রূপে এবং মতবাদ যাহা শাস্ত্রসম্মত (বাইবেল ভিত্তিক)?
খ) আপনার দ্বারা পরিবর্তিত হয়েছেন এমন কেউ আছে কি? (২ তিমথীয় ২ :২২-২৬) যারা আপনার কাছে বাধা সৃষ্টি করে তাদের প্রতি আপনার আচরণ কেমন হওয়া উচিৎ?

আবেদন: আপনার সমস্যা ও প্রশ্ন ইত্যাদি সমাধানের জন্য অন্যান্য বিশ্বাসীদের সঙ্গে আলোচনা করুন আর শাস্ত্রের নির্দেশ মালা মেনে সমাধান করুন । যদি কোন সমস্যা বা প্রশ্নাদি জটিল বোধ হয়, সে বিষয়ে মন্ডলীর নেতা স্থানীয়দের কাছে সমাধানের জন্য বা আলোচনার জন্য আনুন।

১২ দিন

“ভাল কাজ করা”

ইফিসীয় ২:১০
ক) ঈশ্বর আমাদের সৃষ্টি করেছেন কি করার জন্য?
খ) কয়েকটি ভাল কাজের তালিকা করুন, যে কাজগুলি আপনি করতে পারেন।

১ম পিতর ৪:৮-১১
ক) কি করে প্রেম পাপের উপর জয় লাভ করে?
খ) আপনি কি আপনার সৌহার্দ্য পূর্ণ আচরণে অন্য বিশ্বাসীদের তৃপ্ত করেন?
গ) এ বিষয়ে কিরূপে বুদ্ধিপ্রাপ্ত হন?
ঘ) আপনি কি চিন্তা করে ছেন, যে ঈশ্বর চান যেন আপনি অন্যের জন্য উৎসর্গিকৃত হন?

গালাতীয় ৬:৯-১০
ক) কিভাবে ঈশ্বর আমাদের সাহায্য করেন? শাস্ত্র বাক্যর মধ্যে দিয়ে বিশেষ প্রয়োজন আপনার সাহায্যে পেতে পারে এমন কেউ আছে কি?

আবেদন: যদি কোন প্রয়োজনে আপনি সাহায্য করতে পারেন, এই সপ্তাহেই করুন। যদি আপনি না জানেন তাহলে জিজ্ঞাসা করুন কিভাবে সাহায্য করবেন, মনে রাখবেন, আমাদের একের অন্যের প্রয়োজন, কারণ ঈশ্বর বিশ্বাসী হিসাবে আমরা সকলে এক পরিবারভুক্ত।

১৩ দিন

“মুক্তিপ্রাপ্ত সাহয্যকারী”

মথি ২৫:৩১-৪৬
ক) আমরা কি শেষ দিনে বিচারিত হব?
খ) আমরা যদি গরিবদের অর্থ সাহয্য দিই, সেটাই আমাদের পক্ষে যথেষ্ট নয় কেন?
গ) কোথাও কোথাও ৬টি বিষয়ের তালিকা দেওয়া আছে ৩৫ ও ৩৬ পদে যা আপনি কয়েক দিনের মধ্যে করেছেন?
ঘ) আমরা কারা, সত্যিই যখন এড়িয়ে যাই এবং প্রয়োজনে পাশ কাটাই?

২ বিবরণী ১৫:৭-১০
ক) কঠিন হৃদয় ও কৃপন বলতে কি বুঝায়?
খ) কি প্রকারের দান ঈশ্বর আপনার কাছে আশা করেন?
গ) যারা আপনার চারিদিকে তাদের মধ্যে দরিদ্র ও নিপীড়িত কারা, তাদের কাছে সাহায্যকারী হিসাবে আপনি কি করবেন?

মথি ১০:৪৭
ক) এমন কিছু ছোট ছোট সাহায্য আপনি করেছেন, যা সবই ঈশ্বরের স্মরণে আছে?
খ) আপনি কি করে যাহায্য করবেন, যখন আপনারই কোন অর্থবল থাকবে না?

যাকোব ১;২৭
ক) ঈশ্বরের দৃষ্টিতে প্রকৃত ধর্ম কি?
খ) ঈশ্বরের বিধান বিশেষভাবে কে কার্যকর করতে পারে? আজকের কার্য্যধরী এমনভাবে রূপান্তরিত করুন যেন এ সপ্তাহে অন্যান্য বিশ্বাসীদের সঙ্গে তাদের প্রয়োজনে সাহায্যকারি হতে পারেন।

আবেদন: আজকের দিনে কে আপনাকে সাহায্য করতে পারে? আজকের কার্য্যধারা এমন ভাবে রূপান্তরিত করুন যেন এ সপ্তাহে অন্যান্য বিশ্বাসীদের সঙ্গে তাহাদের প্রয়োজনে সাহায্য কারি হতে পারেন।

১৪ দিন

“নতুন সৃষ্টি”

২ করিন্থীয় ৫:১৭
ক) আপনার কি কি পুরাতন অংশ চলে গিয়েছে?
খ) কি কি নতুন জিনিসের আগমন আপনি লক্ষ করছেন?

মার্ক ২;২১-২২
ক) আপনি কি করে অবশ্যই নতুনীকৃত?
খ) যখন নতুন স্বভাব যুক্ত হয়, তখন ভিতর থেকে কি পরিবর্তন লক্ষ্য করা যায়? এবং কেন?

রোমীয় ১২:২
ক) বাক্য চিন্তাশীল এমন কোন উদাহরণ আছে কি আপনার জীবনে?
খ) কিভাবে আপনার চিন্তা কে পরিবর্তিত করবেন?

ইফিসীয় ৪:১৭, ৫:২
ক) কিভাবে ঈশ্বর আপনার পুরাতন চিন্তাধারা ও জীবনধারা বিশ্লেষণ করেন?
খ) কে, সেভাবে আপনার সৃষ্টি কর্তা? একে অপর কে ক্ষমা করাই প্রধান বিষয় কেন?
গ) প্রেমেই জীবন্ত থাকুক বলতে কি বুঝায়?

আবেদন: আপনার খ্রীষ্টিয় বিশ্বাসী ভাই বোনদের জিজ্ঞাসা করুন যারা আপনাকে খুব ভালভাবে জানে, তারা আপনার জীবন ও স্বভাব দেখে কি অভিজ্ঞতা লাভ করেছেন।

১৫ দিন

"স্বর্গ রাজ্যের আশা"

প্রকাশিত বাক্য ২২ : ১১-১৫
ক) বিচারের দিনে আপনার অবস্থার কথা কল্পনা করুন। সেখানে কে থাকবে?
খ) প্রত্যেকর অনুভূতি কেমন হবে?

প্রকাশিত বাক্য ২১:১-৮
ক) খ্রীষ্টের ভার্য্যা কে স্বর্গের বর্ণনা দিন।
খ) পদে ৮ এর অনুসারে আপনার জীবন অনুসন্ধান করুন। আপনার জীবনে এই সকল পাপ থেকে একটিও কি বিদ্যামান?

প্রকাশিত বাক্য ২২:১-৬
ক) কি কি স্বর্গীয় আনন্দ স্বর্গে অপেক্ষা করে থাকবে আপনার জন্য?
খ) ঈশ্বর কেন চান, যে আমরা তাঁর বিশ্বস্ত ও দৃঢ় প্রতি হই?

প্রকাশিত বাক্য ২২:১৪-১৫ - এই সকলের মধ্যে কোন পাপ কি আপনার জীবনে আছে?

আবেদন: প্রার্থনা করুন যেন ঈশ্বর স্বর্গে যে প্রতিজ্ঞা করেছেন তা পূর্ণ হয়। যদি আপনার জীবনে কোন পাপ থাকে তবে স্বীকার করে ক্ষমা চাওয়ার প্রয়োজন, এখনই এবং আজই।

১৬ দিন

"মুক্তি দ্বারা মুক্তি প্রাপ্ত"

১ পিতর ২:৯-১০
ক) রাজকীয় যাজক বলতে কি বুঝায়?
খ) কি সমাচার আপনি ভাগ করে সহভাগী হতে পারেন?
গ) আপনি কি সত্যই অন্তর দিয়ে প্রভুর প্রশংসা করেছেন নাকি অন্যান্য নিমনীতির মত করতে হয় তাই করছেন?

২ করিন্থীয় ৫:১৪-২১
ক) আপনি কি বলতে পারেন, যে আপনি যীশুর জন্য নাকি আপনার নিজের জন্য?
খ) খ্রীষ্টের রাজপুত বলতে আপনি কি বোঝেন?
গ) আপনার জীবন ধারা দেখে যীশু কি খুব সন্তুষ্ট?
ঘ) লোকদের প্রতি পুনবিচার এবং পুনর্বিবেচনা বলতে কি বুঝায়?
ঙ) যখন আপনি ক্ষতির দিকে এগিয়ে যাবেন তখন আপনার ব্যবহার কেমন হবে?

প্রেরিত ১৭:১৬-৩৪
ক) পৌল কেন মর্ম পীড়া বেদনা অনুভব করেছিলেন?
খ) আপনার শহরের এমন কোন এলাকা আছে কি যেখানে আপনি পীড়া অনুভব করেন বা ব্যাথিত হন?
গ) পৌল কোথায় তার বিশ্বাস ভাগ করেছিলেন অর্থাৎ সহভাগিতা করেছিলেন?
ঘ) কেন পৌল আন্তেনকীদের আদেশের মতো করে সুসমাচার দিয়ে বলেছিলেন যেন তারা ধর্ম প্রাণ হয়?
ঙ) এই প্রচারে কি শিক্ষালাভ করে বিশ্বাসীরা, এমন কি যারা বিভিন্ন মতবাদে বিশ্বাসী?
চ) পৌলের প্রচারে লোকদের কি প্রতিক্রিয়া হয়েছিল?

আবেদন: আজকের এই শাস্ত্র বাক্য আলোচনার দ্বারা আপনি যা লিখেছেন তার মধ্যে অন্ততঃ চারটি বিয়য়ে লিখুন। মনে মনে এই বিশ্বাস নিয়ে সহযোগীতা করুন অন্য বিশ্বাসীদের সঙ্গে।

১৭ দিন

“উৎসর্গীকৃত অথবা কিংকর্তব্য বিমূঢ়”

লূক ১০:৩৮-৪২
ক) মার্থা কেন কিংকর্তব্য বিমূঢ়?
খ) তার অভিজ্ঞতা কেমন ছিল?
গ) কি কি জিনিস এ সপ্তাহে আপনাকে বিহ্বল করেছে?
ঘ) আপনি কাকে বেশী পছন্দ করেন, মার্থা না মরিয়ম?
ঙ) মরিয়ম কি বেছে নিয়েছিল?
চ) মরিয়মের পছন্দই কেন ঠিক ছিল?

লূক ৮:১৪
ক) দমন করা অর্থে কি বোঝেন?
খ) ইহার ফল কি?
গ) দুশ্চিন্তা অথবা অর্থ অথবা ব্যবসা ও আমোদ-প্রমোদ, আপনার খ্রীষ্টিয় জীবনে বৃদ্ধি, রোধ করে কি?

লূক ১২:৩৫-৪০
ক) কেন আমরা এমন করি, যখন আমরা বিক্ষিপ্তভাবে বা এলোমেলোভাবে অন্যান্য কাজ করে ফেলি যা আমরা করার জন্য স্থির করিনি - এরূপ কেন?

আবেদন: যদি আপনি বিক্ষিপ্তভাবে অনর্থক সময় নষ্ট করে থাকেন, লেখার চেষ্টা করুন আপনার প্রতিদিনের কার্য্যবিবরণী এবং অন্যান্য বিশ্বাসীদের সাহায্য আসার জন্য চেষ্টা করুন ।

১৮ দিন

“অপরকে দেখে শিক্ষা গ্রহণ”

মথি ১৮:১-৪
ক) ঈশ্বর আমাদের কোন প্রকার হৃদয় আশা করেন?
খ) শিশুদের কোন বিশেষ্যত্ব আমাদের অনুসরণ করা প্রয়োজন?

থিষলনকীয় ৫:১২-১৪
ক) আপনার উপরে কে বিরাজমান?
খ) কয়েকজন খ্রীষ্টভক্তের নাম লিখুন যারা উৎসর্গীকৃত ও কঠিন কঠিন কাজ করেছেন । একটি সুন্দও উদাহরণ দিন যার দ্বারা আপনি সতর্কীত হয়েছেন ।
গ) আপনি কি তাদের শ্রদ্ধা করেন?
ঘ) কোন প্রকার বিশ্বাসীদের বিশেষ সাহায্য প্রয়োজন? (১৪ পদ উল্লেখ্য)
ঙ) আপনি কি কোন সমস্যার জন্য সতর্কীত হয়েছেন?

গীতসংহিতা ১১৯:৯৯-১০০
ক) পূর্ণতা ও সমঝোতা আমাদের কি দিতে পারে?
খ) ১০০ পদ অনুযায়ী কিরূপে আমাদের সংঘবদ্ধ চিন্তার পরিপন্থী?
গ) যখন আপনি উপদেশ দেন/ বিশ্বাসীদের তৈরী করেন/ সংশোধন করেন, এবং আপনার থেকে ছোট এই কাজ করে তখন আপনার ব্যবহার কেমন হবে?

১ম তীমথিয় ৪:১১-১২
ক) যুবক নেতাদের কাছে ঈশ্বর কি আশা করেন?

গীতসংহিতা ৩২:৮-১০
ক) কেন আপনি ঘোড়ার মত বা ছোট ঘোড়া অর্থাৎ টাট্টু ঘোড়ার মত হতে পারেন না?

আবেদন: আপনি যদি অল্প দিনের বিশ্বাসীদের বিরোধীতা করে থাকেন নানা প্রশ্নোত্তরের মাধ্যমে তবে অনুতপ্ত হোন । যদি আপনি অল্প দিনের বিশ্বাসী হন তবে বিশ্বাসের দ্বারা এক বিরাট সাফল্য ও উদাহরণ সৃষ্টি করুন ।

১৯ দিন

“প্রার্থনার শক্তি”

১ম বংশাবলী ১৭:১৫-২২
ক) রাজা দাউদ যখন ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলেন তখন তিনি কি অনুভব করেছিলেন? এবং কেন?
খ) আপনাকে অযোগ্য জেনেও ঈশ্বর কেন এমন ব্যবহার করলেন?
গ) ঈশ্বর ইস্রায়েলীয়দের আশীর্বাদ করলেন কেন?
ঘ) আজকের দিনেও তিনি তার মনোনীতদের জন্য অনেক কাজ করে থাকেন কি?
ঙ) প্রার্থনার মধ্যদিয়ে ঈশ্বরের প্রতি কি ব্যবহার প্রকাশ পায়?

আদিপুস্তক ২৪:১০-২৭
ক) আপনি কিভাবে আশা করতে পারেন যে তিনি আপনার প্রার্থনার উত্তর দেবেন খুব তাড়াতাড়ি?
খ) দাসের প্রার্থনা ছিল খুব সরল, কিন্তু তার বিশ্বাস ছিল প্রবল । আপনি কি আপনার ব্যপারে তা বলতে পারেন?
গ) সেই দাসের প্রার্থনার উত্তর প্রাপ্তি হিসাবে প্রথম কর্তব্য কি করেছিল?
ঘ)আপনি কি প্রত্যেক প্রার্থনার উত্তর প্রাপ্তির পর ধন্যবাদ দিয়েছেন?

যাকোব ৫:১৫-১৮
ক) কিভাবে প্রার্থনা করেন?
খ) আপনি কি আন্তরিকতার সাথে নিঃস্বার্থভাবে প্রার্থনা করেন
গ) আপনি কি দৃঢ় বিশ্বাসে প্রার্থনা করেন? আপনি কি ন্যায় পরায়ন এ সপ্তাহে?

আবেদন: নির্দিষ্ট বিষয় গুলো নিয়ে প্রার্থনা করুন আজই । বিশ্বাসে দৃঢ় সংকল্প হোন ।

২০ দিন

“পৃথিবী কর্তৃক পরীক্ষিত”

গীতসংহিতা ৭৩:১-১৪
ক) লেখকের কি ধারণা হয়েছিল প্রাচুর্য্যপূর্ণ লোকদের সম্বন্ধে, যখন দেখলেন তারা সকলে অরক্ষিত?
খ) কিভাবে জীবন নির্ভয়পূর্ণ?
গ) আপনি কিভাবে পৃথিবীতে নির্ভয়ে থাকতে পারেন? আপনি কি খ্রীষ্টের অনুসারী হওয়া পর্যন্ত কোন সমস্যার সঙ্গে যুদ্ধ করেছেন? এবং সে সম্বন্ধে কিছু বলতে পারবেন?

গীতসংহিতা ৭৩:১৫-২২
ক) শেষ গন্তব্য স্থান সম্বন্ধে ধারণা বা সিদ্ধান্ত বলতে কি বোঝায়?
খ) সুন্দর জীবন কেমন হবে সেটা কি স্বপ্ন যা শেষ বিচারের দিন শেষ হবে?
গ) লেখকের কি ধারণা যখন তিনি সেই সকল কল্পনা করলেন?

গীতসংহিতা ৭৩:২-২৮
ক) লেখকের কি চিন্তাধারা, ঈশ্বর ও তার মধ্যে সম্পর্ক কি প্রকার? (স্মরণে বাখার জন্য ২৫-২৬ পদ উল্লেখ্য)

১ম যোহন ২:১০-১৩
ক) পৃথিবীর কোন জিনিসটি আপনি আপনার করায়ত্ত করতে চান?
খ) পৃথিবী কোন জিনিসটি আপনাকে এখনও আকর্ষণ করে?

আবেদন: পৃথিবী সম্পর্কে আপনার অভিজ্ঞতার কথা অন্যান্য বিশ্বাসী ভাই-বোনদের বলুন । কি কি পরীক্ষায় আপনি পড়েছেন সে বিষয়গুলো নিয়ে প্রার্থনা করুন আজই ।

২১ দিন

“যন্ত্রণার মধ্যেও আনন্দ”

মথি ৫:১০-১১
ক) যন্ত্রণার মধ্যে থেকেও কী আমাদের প্রশংসা করতে সাহায্য করে?
খ) যীশুর জন্য কখনো কি মানুষের দ্বারা অথবা শয়তানের দ্বারা লাঞ্ছিত হয়েছেন?
গ) আপনার অনুভূতি কেমন?
ঘ) এই পথে কি শিক্ষা পান?

যোহন ১৫:১৮-২৩
ক) কেন আমরা এই শিক্ষাকে মেনে নেব?
খ) পৃথিবী কেন আমাদের ঘৃণা করে?
গ) মানুষ কেন নিজেদের অপরাধী মনে কও,যখন আমাদের বিশ্বাসীরূপে দেখতে পায়?

প্রেরিত ৪:১৩-২২
ক) পিতর ও যোহন কেমন করে শক্তিশালী হলেন?
খ) যীশুর বিষয়ে শিক্ষায়, কাজে বা আরাধনায় কে বা কি বাঁধা স্বরূপ হয়েছে?
গ) আপনার দায়িত্ব কি?

প্রেরিত ৫:১৭-২৯
ক) যীশু কি অন্যায়ভাবে নির্যাতিত হয়েছেন (মার্ক ১৫:১৩), শিষ্যেরা কি ঈর্ষা বসত বন্দি হয়েছিল?
খ) কেন আমরা যন্ত্রণা পাব?
গ) কাদের দ্বারা?
ঘ) যখন শিষ্যদের থামতে বলা হয়েছিল, তখন তারা কি উত্তর দিয়েছিল?

প্রেরিত ৫:৪০-৪২
ক) শিষ্যদের কী খুব আনন্দ দিয়েছিল?

আবেদন: ৪২ পদটি আপনার আপনার মূখ্য বিষয় হোক আজকের জন্য এবং প্রতিদিনের জন্য ।

২২ দিন

“উৎসর্গ করে বাঁচা”

যোহন ১৩:১-১৭
ক) যীশু কিভাবে তার প্রেমের পূর্ণতা দেখালেন?
খ) তিনি কি শিক্ষা বয়ে এনেছিলেন তার অনুগামীদের জন্য?
গ) ১৭ পদ অনুসারে কিভাবে আমরা তার বাধ্য হতে পারি?
ঘ) নির্দিষ্ট উদাহরণ দিন ।

প্রেরিত ৯:৩৬-৪২
ক) কেন দর্কাকে সকলে খুব ভালবাসত?
খ) তার বিশেষ বন্ধুকা কোথায় ছিল এবং কে ছিল?
গ) সে তাদের যথেষ্ট করেছিল এ কথা কেন আপনি ভাবছেন ?
ঘ) আজই যদি আপনি মারা যান তাহলে কি এটা আপনার স্মরণে আসবে বা থাকবে ?
ঙ) দোর্কা এর জীবন থেকে আমরা কি শিক্ষা পাই ?

ফিলিপীয় ২ : ১৯-২৪
ক) অন্যান্যদের থেকে কি তীমথিয় কে পৃথক করেছিল ?
খ) অন্যকে সাহায্য করার মধ্য দিয়ে আসল ইচ্ছা দেখায় কি ?
গ) কিরূপে আপনি তীমথিয় থেকে আরও বেশী করতে পারেন ?

আবেদন: আপনার ব্যবহারিক জীবন এমন হোক যাতে অন্য বিশ্বাসীরা বুঝতে পারেন আপনি অন্য বিশ্বাসীদের যত্ন নিতে সক্ষম, আজই সেইরূপে করুন ।

২৩ দিন

“পাপ স্বীকার”

গীত সংহীতা ৩২: ১-৭
ক) যখন আমরা আমাদের পাপ লুকাই এবং পাপ স্বীকার করি না তখন আমরা কেমন অনুভব করি ?
খ) আপনার বাপ্তিস্ম গ্রহণ করার পর্যন্ত আপনি কি সেই অবস্থায় পড়েছেন ?
গ) এমন কোন পাপ কি আপনার আছে যা আপনি স্বীকার করতে ভয় পান ?

হিতোপদেশ ১৮:১৩
ক) আমরা কি ঈশ্বরের কাছ থেকে আমাদের পাপ লুকাতে পারি ?
খ) কে চান যেন আমরা আমাদের পাপ ঈশ্বরের কাছে স্বীকার করি ?
গ) অস্বীকার্য পাপ আমাদের জীবনে কি পরিণতি নিয়ে আসে ?

লুক ৮:১৭
ক) আমাদের পাপ লুকিয়ে রাখার চেষ্টা একমাত্র মূর্খতা কেন ?

গীত সংহীতা ৬৬:১৮-১৯
যদি আমরা পাপ লুকিয়ে রাখি ও পাপে উৎসাহ দিই তবে কি হতে পাওে ?

আবেদন: কিছু সময় ধরে চিন্তাকরুন, বিভিন্ন পাপের বিষয়ে । যেমন - ব্যবহার, কার্যকারিতা, চিন্তা-ভাবনা সে সবগুলি আপনার সহভাগিতার পথে অন্তরায় । সেগুলি লিখে রাখুন ও কশা বলুন সেগুলির বিষয়ে, ঈশ্বর আপনাকে সাহায্য করবেন, আজ, এখুনি ।

২৪ দিন

“পারিবারিক চাপ”

মার্ক ৩: ২০-২১
ক) কি করে ভাবতে পারেন যে যীশু তার পরিবারে সহযোগীতা ছিলেন না ?
খ) আপনার পরিবারে এমন কেউ আছে কি ? যার দ্বারা ঈশ্বরের গৌরব বাধাপ্রাপ্ত হয়, কারণ তারা মনে করেন আপনি নিজেই কষ্ট পাচ্ছেন ?
গ) যদি সত্যি সত্যি যীশু তাদের সঙ্গে একমত হন তাহলে কি হবে ?

যোহন ৭: ১-৯
ক) যীশু নিজে কি করেছিলেন, তাঁর প্রতি তাঁর নিজের ভাইয়ের চিন্তা কি ?
খ) যীশু কেন করেননি যা তাঁর পরিবার চেয়েছিল ?

মথি ১০: ৩৭-৩৯
ক) কয়েকটি বিষয়ে তালিকা দিন যা থেকে বোঝা যায় আমরা আমাদের পরিবারকে বেশী ভালোবাসি যীশুর থেকে ।
খ) যদি কেহ আপনার জীবন দেখে, তারা কারা ? যারা বলবে যে সত্যিই আপনি যথেষ্ট প্রেম করেন ?

আবেদন: পরিবার থেকে চাপ আসছে এ বিষয়ে আলোচনা করুন, কঠিন বিশ্বাসী হিসাবে পরিবারের কাছে কি আকাঙ্খা করেন, পরিবারে পরিবর্তন আশা করছেন কি ?

২৫ দিন

"উন্মুক্ত হওয়া প্রয়োজন"

যোহন ১৫: ১৫
ক) যীশু বিশ্বাসীদের সঙ্গে কি সহভাগিতা করেছিলেন ?
খ) আপনি কি অন্যান্য খ্রীষ্টিয়ানদের কাছে ঠিক সেইরূপ বন্ধু ?
গ) তারা কি সত্যিই আপনার জীবন সম্বন্ধে সব কিছু জানে ?

২য় করিন্থীয় ৬: ১১-১৯
ক) স্বাধীনভাবে কথা বলা বলতে কি বুঝায় ?
খ) আপনি কি অন্যদের কাছে হৃদয় খুলে দিয়েছেন ?
গ) আপনার কি বিশেষ কিছু অনুভূতি আছে, যা অন্যের কাছে বুঝিয়ে বলতে পারছেন না ?

উপদেশক ২০: ৫
ক) আপনি কি অন্যদের সাহায্য করছেন বিশ্বাসী হতে, খোলাখোলি আলোচনার মাধ্যমে, নিজেকে বাহিরে রেখে, বিভিন্ন প্রশ্নের মধ্য দিয়ে ?

আবেদন: কিছু সময় কাটান আজই কিছু অভিজ্ঞতার কথা লিখুন, কিছু লুকোন গুপ্ত পাপ যা আপনি পূর্বে প্রকাশ করেননি, অন্যান্য খ্রীষ্টীয় ভাই-বোনদের সঙ্গে এই সকল বিষয় নিয়ে এ সপ্তাহে আলোচনা করুন, খোলাখোলিভাবে ।

গত ১০ দিনের পুনরালোচনা করুন । এইসকল শিক্ষা আপনার নিজের জীবনে ব্যবহার করছেন কি ? আপনার জীবনে প্রয়োজন অনুভব করছেন কি ? খোলাখোলি বলুন অন্যান্য বিশ্বাসীদেও সঙ্গে আলোচনার জন্য সময় নির্ধারণ করে নিন ।

২৬ দিন

"সন্দেহের সহিত বোঝাপড়া"

মথি ১১: ১-৬
ক) যীশুর সম্বন্ধে যোহন হর্স্তাপন সম্বন্ধে কি ধারণা পোষণ করতেন, তিনি কি যীশুকে চিনতে পেরেছিলেন ? এতে কি আপনার কোন সন্দেহ আছে ?
খ) যোহন কিভাবে তাঁর সন্দেহের বোঝাপড়া করেন ?
গ) আপনার মনে যখন সন্দেহ প্রবেশ করবে আপনি তখন কি করবেন ?

মথি ১৮: ১৬-১৭
আপনি কি অবাক হবেন ? বিষয়টি পড়ুন এবং দেখুন, প্রভু যীশু তাঁর সন্দেহ প্রবণ শিষ্যদের কি করার আদেশ দিচ্ছেন ?

১ম করিন্থীয় ১৫: ১১-১৪
ক) করিন্থীয় দেশের সন্দেহ প্রবণ খ্রীষ্টীয়ানরা আজ কোথায় ? তারা প্রথমে বিশ্বাস করে, কিন্তু কিছুদিন পরে সন্দেহপ্রবণ হয় ।
খ) বিশ্বাসের পরে সন্দেহ প্রবণতায় ফিওে আসায় ু কি কি শিক্ষা পাই?

লূক ২৪:৩৬-৪৫
ক) আপনার চিন্তার সন্দেহ বা অবিশ্বাস কোথা থেকে আসে?
খ) প্রভু যীশু কিভাবে অবিশ্বাসীদের বিশ্বাসে ফিরে আসতে সাহায্য করেছিলে?

আবেদন: সংক্ষেপে লিখুন, ঈশ্বরের বাক্য,প্রার্থনা এবং বাধ্যতার মাধ্যমে আপনি কিভাবে খোলাখুলিভাবে অবিশ্বাস বা সন্দেহ থেকে জয়লাভ করতে পারেন ।

২৭ দিন

“আনুগত্য, বিশ্বস্ততা বা বাধ্যতা শিক্ষা”

প্রথমত, আপনি বাধ্যতা বলতে কি বোঝেন?

১ম করিন্থীয় ১৩:৪-৭
ক) এই অনুচ্ছেদের মধ্যে ”ভালবাসা” শব্দটির পরিবর্তে আপনার নিজের নাম বসিয়ে অনুচ্ছেদটিকে লিখুন ।
এবার পুনরায় তা পড়ুন এবং আপনার কিছু নির্দিষ্ট ব্যক্তিগত সম্পর্কের কথা চিন্তা করুন ।
খ) আপনার মধ্যে আপনি কি দেখতে পান, যা আপনার পরিবর্তন করতে হবে?

ইফিসীয় ৪:২৯
ক) কি ধরনের কথাবার্তা অন্যের জন্য বিঘ্নস্বরূপ হতে পারে?
খ) যে সমস্ত কথাবার্তা নির্দয়, যাতে পরনিন্দা ও ঠাট্টা-বিদ্রুপ থাকে, আপনি কি সে সমস্ত কথাবার্তায় জড়িত ছিলেন?

১ম থীষলনকীয় ৫:১২-১৫
ক) কে প্রভূতে আপনাকে পরিচালনা দান করেন?
খ) এটা কি নির্ভর করে কিভাবে তারা জীবন যাপন করে তার ওপর?
গ) এমন কয়েকজন খ্রীষ্টানদের নাম লিখুন যারা আপনাদের মধ্যে কঠিন পরিশ্রম করেন । আপনি কি তাদের অন্তর থেকে শ্রদ্ধা করেন?
ঘ) যে সমস্ত খ্রীষ্টিয়ান দূর্বল ও শিখতে ধীর তাদের প্রতি আপনার মনোভাব কেমন?

আবেদন: আপনি শ্রদ্ধা করেন এমন একজন সম্পর্কে প্রশংসা সূচক একটি নোট লিখুন, যিনি আপনাকে প্রভূতে পরিচালনা দিচ্ছেন এবং এমন একজনকেও যার ধৈর্য্যপূর্ণ উৎসাহ প্রয়োজন ।

২৮ দিন

“অমীমাংসিত বিষয়”

রোমীয় ১৪:১-৮
ক) আজকের দিনে খ্রীষ্টিয়ানদের মধ্যে কি কি অমীমাংসিত বিষয় রয়েছে? (পোষাক, সঙ্গীত-রুচী, পান বা ভোজন)
খ) যারা এসমস্ত বিষয়কে ভিন্নভাবে দেখে তাদের প্রতি আপনার মনোভাব কিরূপ হওয়া উচিৎ?

রোমীয় ১৪:১৬-২৩
ক) ঈশ্বর কোন বিষয়ে সবচেয়ে বেশী গুরুত্ব দেন?
খ) আপনি কি এমন কিছু করছেন যার কারণে অন্যেরা হোঁচট্ খান বা বাঁধা প্রাপ্ত হন?
গ) ২৩ পদ কি বলে?
ঘ) আপনি এখন যেভাবে জীবন যাপন করছেন তাতে কি আপনি খুশী?

১ম তীমথিয় ২:৯-১০
ক) কি একজন নারীকে ঈশ্বরের দৃষ্টিতে সুন্দর করে তোলে?
খ) আপনার নিজের ভাষায় লিখুন, এই অনুচ্ছেদ পোষাক-আষাক ও ঐশ্বরিকত্ব সম্পর্কে কি শিক্ষা দেয়?

মথি ১১:১৮-১৯
ক) লোকেরা কেন যীশু এবং বাপ্তিস্মদাতা যোহন উভয়কেই বিদ্রুপ করেছিলেন?
খ) কেন আপনি মনে করেন তারা এত ভিন্ন হওয়া সত্ত্বেও ঈশ্বরের নিকট আনন্দের বিষয় ছিলেন?

আবেদন: একজন খ্রীষ্টিয়নের কোনটি ঠিক আর কোনটি ভুল এব্যপারে আপনার মনে কোন প্রশ্ন আছে কি? একজন পূর্ণবিশ্বসীর কাছ থেকে জেনে নিন এগুলো অমীমাংসিত বিষয় কিনা ।

২৯ দিন

“প্রভূ যীশু শীঘ্র আসছেন”

২য় পিতর ৩:৩-১৪
ক) কেন অনেকে যীশুর পুনরাগমন কে অবজ্ঞা বা পরিহাস করেন?
খ) প্রভূর সেই দিন কিরূপ হবে?
গ) আপনি কি এমনভাবে জীবন যাপন করছেন যেন যীশু আজই ফিরে আসবেন?

১ থিষলনকীয় ৪:১৩-১৮
ক) এই অনুচ্ছেদটিকে ২য় পিতর ৩ অধ্যায় ৭ ও ১০ পদের সাথে তুলনা করুন। যারা প্রভূর সাথে সাক্ষাতের জন্য প্রস্তুত নয়, তাদের জন্য কি কোন ”দ্বীতিয় সুযোগ” থাকবে।
খ) সেই দিন কেন ”রাত্রিতে যেমন চোর আসে” তেমন করে আসবে ?
গ) সাবধান থাকা ও আত্ম-সংযমী থাকা বলতে কি বোঝায়?

২য় তীমথিয় ৪:৬-৮
ক) শেষ বিচারের দিন প্রভূর মুখোমুখি হবেন এব্যপারে পৌলের অনুভূতি কি?
খ) যীশুর জন্য জীবন যাপন করা কেন উত্তম যোদ্ধারূপে যোদ্ধা করা, শেষ পর্যন্ত দৌড়ানো এবং বিশ্বাস ধরে রাখার সাথে তূল্য?
গ) এই পথে শেষ পর্যন্ত থাকার জন্য কি ধরনের চেষ্টা বা আত্মপ্রত্যয় প্রয়োজন?

আবেদন: প্রতিদিন এমন ভাবে বাঁচুন যেন আজই আপনার শেষদিন!

৩০ দিন

“ভালবাসায় একসাথে যুক্ত”

গীতসংহিতা ১৩৩:১-৩
ক) একতা কি এবং মন্ডলীতে এর উপস্থিতি এত গুরুত্বপূর্ণ কেন?

ইফিসীয় ৪:১-৩
ক) ২য় পদটি আপনার নিজের ভাষায় ব্যাখ্যা করুন। আমরা যখন এর বিপরীত আচরণ করি তখন কি ঘটে?
খ) একতাবদ্ধ থাকতে হলে সমস্ত চেষ্টা প্রয়োজন হয় কেন?

ফিলিপীয় ২:১-৫
ক) আত্মায় ও কাজে এক হওয়া বলতে কি বুঝায়?
খ) কিভাবে আপনি অন্যদেরকে নিজের চাইতে বেশী মূল্য দেবেন?
গ) আপনার লাভের পাশাপাশি আর কার লাভের জন্য কাজ করেছেন আপনি? যীশুর মনোভাব কি? আপনার মনোভাবও কি একই রকম?

মথি ১৮:১৫-১৭/ ৫:২৩-২৪
ক) যীশু কিভাবে একে অপরের সাথে দ্বন্দ ও মতবিরোধ কাটিয়ে উঠতে বলেছেন?
খ) কে কার কাছে আগে যাবে?
গ) মন্ডলীতে এমন কেউ আছে কি যার সাথে আপনার কোন মনোমালিন্য বা ঝসড়া মিটিয়ে ফেলা প্রয়োজন?

আবেদন: আজকে আপনার সম্পর্ক সম্বন্ধে চিন্ত করুন। সকল ভাই-বোন একত্রে প্রার্থনা করুন এবং ছড়িয়ে পড়ুন তাদের মধ্যে, যাদের আপনি ভালোবাসেন না, এবং যীশুর মত ভালোবাসতে শিখুন।

৩১ দিন

"নিরুৎসাহের সঙ্গে বোঝাপড়া"

এলিয় ভাববাদী ভীষণরকম অভিজ্ঞতা লাভ করলেন, ঈশ্বরের মহিমা দেখে । যখন ঈশ্বর তার অন্তরের প্রার্থনা শুনলেন এবং প্রথম বৃষ্টিবাত হল সাড়ে ৩ বছরের মধ্যে । আর ৪৫০ জন ভাববাদী বিনষ্ট হল । কিন্তু তার পরেও তিনি ভীত হলেন ও নিরুৎসাহ হলেন ।

১ রাজাবলী ১৯: ১৮
ক) কেন এলিয় নিজেকে এত অসহায় ভাবলেন?
খ) কি প্রকার অসহায় অবস্থা আপনার এগিয়ে যাওয়ার বাধা সৃষ্টি করে ?
গ) ঈশর কিভাবে তাকে প্রেরণ দিলেন, শারীরিক, মানসিক ও আত্নিকভাবে?
ঘ) সাধারণভাবে আপনার অনুভূতি কেমন হয়, যখন আপনি বাধাপ্রাপ্ত হন ?
ঙ) পরবর্তীকালে আপনি যখন পরীক্ষিত হয়ে নিরুৎসাহ হবেন, তখন পূর্ব বর্ণিত ৩টি শিক্ষা কিভাবে প্রয়োগ করবেন?

১ রাজাবলী ১৯:১৯-২১
ক) আপনি কি মনে করেন, ঈলিশায়ের মত বন্ধু ও শিষ্য পেয়ে এলিয় কেমন অনুভব করেছিল?
খ) এলিয়কে ঈলিশায়ের কাছে পাঠানোর আগে ঈশ্বর কেন এলিয়ের পুনরায় কাজে নিবদ্ধ হওয়ার জন্য অপেক্ষা করেছিলেন?

আবেদন: আজকের দিনে নিরুৎসাহের সাথে আপনি কিভাবে মোকাবেলা করছেন? আপনি যা শিখেছেন তা অন্য কারো সাথে সহভাগিতা করুন ।

৩২ দিন

"যীশুর মত করে চলা"

১ যোহন ২:৫-৬
ক) পিছনে ফেলে আসা গত কয়েকটি দিনের কথা ভাবুন । আপনি কি যীশুর পথ অনুসরণ করে চলছেন?

মার্ক ১:২১-২৮
ক) যীশু যেভাবে শিক্ষা দিয়েছিলেন তার মধ্যে কি তফাৎ ছিল?
খ) আপনি কি কর্তৃত্ব সহকারে অন্যদের শিক্ষা দিচ্ছেন?

মার্ক ১:২৯-৩৪
ক) আপনি কি মনে করেন, সেই রাতে যীশু কত রাত পর্যন্ত জেগে কাজ করেছিলেন?
খ) আপনার কি মনে হয় তিনি ক্লান্ত অনুভব করেছিলেন?
গ) কেন তিনি এত পরিশ্রমের কাজ করলেন?
ঘ) আপনি কি প্রস্তুত অন্যদেরকে যীশুর কথা জানানোর জন্য নিজেকে ঠেলে দিতে, এমনকি যখন তা অত্যন্ত চ্যালেঞ্জিং?

মার্ক ১:৩৫
ক) লক্ষ্য করুন তার পরদিন যীশু কত ভোরে জেগে উঠেছিলেন?
খ) যীশুর মত করে প্রার্থনা করার প্রয়োজন আপনি কতটা অনুভব করেন?

মার্ক ২:১৩-১৭
ক) কোন ধরনের লোকদের সাথে যীশু বন্ধুত্ব করতেন? কেন?
খ) পাপী ও বিধর্মীদের প্রতি আপনি করূপ আচরণ করেন?
গ) সুসমাচার সহভাহিতা করার জন্য কি আপনি নতুন বন্ধু তৈরী করছেন?

আবেদন: আজকের এই পাঠ থেকে ২টি বিষয় লিখুন যা আপনি করতে পারেন যীশুকে অনুসরণ করতে । যা লিখলেন তা করুন ।

৩৩ দিন

"নক্ষত্রের মত উজ্জল"

ফিলিপীয় ২:১৪-১৬
ক) কিভাবে আমরা "ঈশ্বরের জীবন্ত বাক্য" অন্যদের সামনে তুলে ধরতে পারি?
খ) যারা আমাদের আশেপাশে রয়েছে, তাদের কাছে আমাদের কি প্রকার দৃষ্টান্ত রাখতে হবে?
গ) গত কয়েক দিনে বা শেষ বারের মত কি বিষয়ে আপনি অভিযোগ বা তর্ক করেছেন?

১ করিন্থীয় ৯:১৯-২৩
ক) কিভাবে আপনি সকলের দাস হতে পারেন? (উদাহরণ দিন)
খ) কোন কোন ভাবে আপনার জীবনে লোকদের সাথে আরও যুক্ত হতে হবে যাতে আপনি তাদের পরিত্রাণ পেতে সাহায্য করতে পারেন?

গীতসংহিতা ১২৬:৬
ক) যখন আমরা শিষ্য তৈরী করতে বাইরে যাই তখন আমাদের কেন কাঁন্না করা উচিৎ?
খ) যারা কাঁদবে তাদের জন্য কি প্রতিশ্রুতি রয়েছে?

দানিয়েল ১২:৩
ক) আপনি কি জ্ঞানী হচ্ছেন?

আবেদন: আজকে যখন আপনি আপনার বিশ্বাস সহভাগিতা করবেন, প্রার্থনা করুন আপনার যেন এমন একটি হৃদয় হয় যে হৃদয় সত্যিই মানুষকে গভীরভাবে ভালবাসে।

৩৪ দিন

"সংশোধন গ্রহণ করা"

গালাতীয় ২:১১-১৬
ক) পিতরের পাপ কি ছিল?
খ) কেন পৌল তাকে সর্বসাধারণের সামনে সংশোধন করেছিলেন? (১ তীমথি ৫:২০; মথি ১৮:১৫ দেখুন)

২ করিন্থীয় ৭:৮-১৩
ক) কেন পৌল করিন্থীয়দের সংশোধন করলেন এবং চ্যালেঞ্জ দিলেন?
খ) ঈশ্বর চান যে আপনি সংশোধনের প্রতি কিরূপ প্রতিক্রিয়া করেন?
গ) কিছুদিনের মধ্যে কেউ কি আপনাকে সংশোধন করেছেন?
ঘ) আপনি কিভাবে সারা দিয়েছেন?
ঙ) তারা কি আপনার সারা পেয়ে উৎসাহিত হয়েছিল?

গালাতীয় ৬:১-৫
ক) একে অন্যকে সাহায্য করার ব্যাপারে আমাদের কিরূপ বাধ্য-বাধকতা রয়েছে?
খ) কিভাবে অহংকার আপনাকে সংশোধন গ্রহণ করা থেকে থামাতে পারে?
গ) নিজেদেরকে অন্যদের সাথে তুলনা করা ভয়ঙ্কর কেন?

হিতোপদেশ ১৫:৩১-৩২/১৬:১৮
ক) কোন পদটি আপনাকে সংজ্ঞায়িত করে?

আবেদন: আপনার শিষ্যত্বকারীকে (ডিসাইপ্লার) জিজ্ঞাসা করুন আপনি কিভাবে সংশোধন গ্রহণ করেন। আপনার কি পরিবর্তন হবার প্রয়োজন আছে?

৩৫ দিন

“নামের জন্য যোগ্য”

১ পিতর ৪:১২-১৯
ক) যীশুর জন্য আপনি কি প্রকার অপমান ও কষ্ট সহ্য করেছেন?
খ) এ ব্যাপারে আপনার মনোভাব কিরূপ হওয়া উচিৎ?
গ) যখন আপনি নির্যাতিত হন, তখন শয়তান আপনাকে কি ভাবাতে এবং করাতে চায়?

ইব্রীয় ১০:৩২-৩৩
ক) আপনি কি এরূপ যন্ত্রণার মধ্য দিয়ে গিয়েছেন?
খ) যারা প্রভূর জন্য অপমান ও তাড়নার মধ্য দিয়ে যাচ্ছেন, তাদের উৎসাহিত করার জন্য আপনি কি করছেন?

ইব্রীয় ১১:৩২-৪০
ক) আপনি কি যীশুর জন্য সিংহ, জলন্ত আগুন, তরবারি, সৈন্যদল, অত্যাচার, চাবুকের আঘাত, কারাগার বরণ, শৃঙ্খলে আবদ্ধ হওয়া, এমনকি নিঃশেষ হয়ে যাওয়া এমন অবস্থার সম্মুখীন হয়েছেন?
খ) ঈশ্বর এমন লোকদের কিভাবে দিখেন?

২ করিন্থীয় ১১:২৩-২৯/রোমীয় ৮:১৮
ক) খ্রীষ্টের জন্য পৌল কিরূপ জীবন যাপন করেছিলেন?
খ) তার তাড়না সম্পর্কে তিনি কি অনুভব করেছিলেন?
গ) একজন খ্রীষ্টিয়ান হিসেবে আপনি কি আনন্দপূর্ণ নাকি অভিযোগপূর্ণ?

আবেদন: যীশু কি আপনাকে বলতেন আপনি ’খ্রীষ্টিয়ান’ নামের যোগ্য?

৩৬ দিন

“একটি ভবিষ্যৎ ও একটি আশা”

ক) আপনি কি আপনার ভবিষ্যৎ সম্পর্কে উদ্বিগ্ন?
খ) আপনার আশাই বা কি আর আপনার ভয়-ভীতিই বা কি?

যিরমিয় ২৯:১১-১৩
ক) যারা সমস্ত হৃদয় দিয়ে তাকে খোঁজে ঈশ্বর তাদের জন্য কি প্রতিজ্ঞা করেন? আপনি কি তাঁকে খুঁজছেন, নাকি অন্য কিছু?

গীতসংহিতা ৩৭:৩-৪
ক) আপনার হৃদয়ের আকাঙ্খাগুলো কি? আপনি কি বিশ্বস করেন যে, ঈশ্বর আপনাকে সেসমস্ত দেবেন?

গীতসংহিতা ১৬:৫-৮
ক) আপনি কি আপনার জীবন সম্পর্কে এভাবে অনুভব করেন? কেন?

১ তীমথি ৬:৬-১০
ক) কিসে আপনার তৃপ্ত হওয়া উচিৎ?
খ) অর্থ এবং সম্পদের বাসনা আপনার জীবনকে কি করতে পারে?
গ) কিভাবে একজন বিশ্বস থেকে সরে যায়?
ঘ) আর কোন কোন আকাঙ্খা আমাদের সরিয়ে দিতে পারে?

রোমীয় ৮:৩১-৩২
ক) ঈশ্বর কিভাবে আপনার প্রতি তাঁর ভালবাসা প্রমাণ করেছেন?

আবেদন: আপনি যদি আপনার জীবনে দুশ্চিন্তা ও অতৃপ্ততা লক্ষ্য করেন, তবে তাকে ’বিশ্বাসের অভাব’ বলে স্বীকার করুন । এদের যেকোন একটি পদ মুখস্থ করুন, আপনার নিজেকে ঈশ্বরের বিশ্বস্ততা সম্পর্কে স্মরণ করিয়ে দিতে ।

৩৭ দিন

"দান করার অনুগ্রহ"

লূক ২১:১-৪
ক) বিধবার দৃষ্টান্ত থেকে আপনি কি শিক্ষা পান?
খ) অন্তত ৩টি কারণের কথা চিন্তা করুন, যে কারণে তিনি "কৃপণ" হতে পারতেন।

১ তীমথি ৬:১৭-১৯
ক) আপনার যদি অর্থ থেকে থাকে তবে আপানর কিভাবে জীবন যাপন করা উচিৎ?

২ করিন্থীয় ৯:৬-১৫
ক) আপনি কি দানশীলভাবে ঈশ্বরকে দেবার সিদ্ধান্ত নিয়েছেন?
খ) আপনি কি নিয়মিত সেই পরিমাণে দিচ্ছেন?
গ) যারা নিঃস্বার্থভাবে দান করে তাদের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা কি?
ঘ) আপনার দান কিভাবে অন্যদেরকে, ঈশ্বরকে এবং আপনাকে উপকৃত করে?

আবেদনঃ আপনি যদি মনে করেন যে, আপনার আর্থিক দান উদার ও বিশ্বস্ত ছিল না, তবে সিদ্ধান্ত নিন কি দেবেন। এবং ঈশ্বরের প্রতি আপনার প্রতিজ্ঞাকে সম্মান করুন।

৩৮ দিন

"যাও এবং শিষ্য তৈরী কর"

২ তীমথি ২:১-৭
২য় পদকে মথি ২৮:১৯-২০ পদের সাথে তুলনা করুন।
ক) পৃথিবীকে বাণীজ্ঞাত করার (ইভানজেলাইজ করার) জন্য খ্রীষ্টের পরিকল্পনা বা বর্ণনা কি?
খ) একজন বিশ্বস্ত শিষ্য বলতে কি বোঝেন? নির্ধারিত কথা রক্ষা, সময় রক্ষা এবং নির্দেশ পালনের ব্যাপারে আপনি কি একজন বিশ্বস্ত শিষ্য?
গ) একজন সৈনিক, একজন দৌড়বীর এবং একজন কৃষকের দৃষ্টান্ত অনুসরন করার ক্ষেত্রে আপনি কিরূপ? নির্দিষ্টভাবে উল্লেখ করুন।
ঘ) তীমথি বা পৌল কি অন্যদেরকে শিক্ষা দেবার জন্য আপনাকে বেছে নিতেন? কেন?

১ করিন্থীয় ৯:২৪-২৭
ক) কিভাবে খ্রীষ্টিয়ান জীবন একটা দৌড় প্রতিযোগিতার তূল্য?
খ) একজন দৌড়বীর যদি অনুশীলন না করেন ও তার দেহকে 'বশে' না রাখেন, তবে কি ঘটবে?
গ) আপনি যদি একজন শিষ্য হিসেবে অনুশীলন না করেন ও নিজেকে বশ না রাখেন তবে কি ঘটবে?

আবেদনঃ একটি তালিকা তৈরী করুন- কি উপায়ে আপনি আপনার বাইবেল পাঠ, প্রার্থনা, ইভান্জেলিজ্ম্ এবং সময়ের ব্যবহারে আরও নিয়মানুবর্তী হবেন? আপনার শিষ্যত্বকারীর (ডিসাইপ্লার) সাথে তা সহভাগিতা করুন।

৩৯ দিন

“বিশ্বাসই একমাত্র বিজয়”

মার্ক ২:১-১২
ক) এই লোকটি যীশুকে দেখার জন্য এত দৃঢ়-প্রতিজ্ঞ ছিল কেন?
খ) অন্তত ৩টি কারণ লিখুন, যে কারণে এই লোকটি যীশুকে দেখার চেষ্টাও না করতে পারতেন?
গ) লোকটির কোন ব্যাপার যীশুকে মুগ্ধ করেছিল?
ঘ) আপনি কিভাবে আরও এই লোকটির মত হতে পারেন?

মার্ক ৫:২১-৪৩
ক) যাইরাশ এবং সেই রক্তক্ষরণ রোগ গ্রস্থ লোকটির কোন ব্যাপারে মিল ছিল?
খ) যীশু কেন তাদের দু'জনকেই সাহায্য করেছিলেন?
গ) যখন আমাদের সাহায্য প্রয়োজন, তখন সম্পূর্ণভাবে যীশুর উপরে নির্ভর করা গুরুত্বপূর্ণ কেন?
ঘ) কোন কোন ক্ষেত্রে আপনি ঈশ্বরের উপরে যথেষ্ট নির্ভর করছেন না?
ঙ) আপনি কি সাহায্যের জন্য অন্য কোন উৎসের কাছে গিয়েছেন?

মার্ক ৬:১-৬
ক) এক্ষেত্রে কোনটি ব্যতিক্রম ছিল? কেন?
খ) যীশু কি আপনার বিশ্বাস দেখে অবাক, নাকি আপনার বিশ্বাসের অভাব দেখে অবাক?

ইব্রীয় ১১:৫-৬
ক) কেন আপনি মনে করেন, ঈশ্বরকে খুশী করতে হলে বিশ্বাস এত গুরুত্বপূর্ণ?

আবেদন: আপনার জীবনে বা অন্য কারো জন্যে এমন জিনিসগুলো কি যার জন্য আপনার ঈশ্বরের সাহায্য সত্যিই প্রয়োজন? একটা প্রার্থনার তালিকা তৈরী করুন এবং প্রার্থনা করতে থাকুন।

৪০ দিন

“ভাল হৃদয়, ভাল কাজ, ভাল বিষয়”

লূক ৮:১৫
ক) আপনার কি এই রকম হৃদয় আছে?
খ) আপনার জীবন কি ফল উৎপাদন করছে?

ফিলমীন ৪-৭
ক) কোন ৩টি কাজ ফিলমীন করেছিল, যা তার সুন্দর হৃদয়কে প্রকাশ করে?

২ পিতর ১:৫-১১
ক) একজন খ্রীষ্টিয়ান হিসেবে বৃদ্ধিপ্রাপ্তির জন্য আপনাকে কি করতে হবে?
খ) ভাল স্বভাব, অধ্যবসায় ও ভাতৃসুলভ দয়া সংজ্ঞায়িত করুন।
গ) আপনি যদি বৃদ্ধিপ্রাপ্তিতে থেমে যান তবে কি ঘটে?
ঘ) ১০ পদ কি বোঝায়?

৩ যোহন ২-৬
ক) যদি কোন ভাই বা বোন যদি আপনার কাছে বেড়াতে আসে তবে তার আপনার জীবন সম্পর্কে কি ধরনের প্রতিবেদন দেবেন?
খ) আজকে পর্যন্ত আপনার খ্রীষ্টিয়ান জীবন সম্পর্কে আপনি কি অনুভব করেন?
গ) আপনি কি বৃদ্ধি পাচ্ছেন?
ঙ) কোন কোন ক্ষেত্রে আপনার সাহায্যের প্রয়োজন?

আবেদন: এখন আপনি যে ৪০ দিনের পাট্যক্রম শেষ করলেন, সিদ্ধান্ত নিন এর পরবর্তিতে কি পাঠ করবেন এবং একটি পরিকল্পনা তৈরী করুন। আপনি যাদেরকে প্রভূতে পরিচালনা দিচ্ছেন তাদের সাথে এসমস্ত নোট সহভাগিতা করুন। বৃদ্ধি পেতে থাকুন!